

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
বেগমগঞ্জ, নোয়াখালী
www.dss.begumganj.noakhali.gov.bd

“শেখ হাসিনার দিন
বদলে, সমাজসেবা
এগিয়ে চলে”

নম্বর ৪১.০১.৭৫০৭.০০০.০২.০০১.১৮.৩

তারিখ ২৩ পৌষ ১৪২৬

০৭ জানুয়ারি ২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়াদীন সমাজসেবা অধিদফতর হতে ২০১৯-২০ অর্থ বছরের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতার বরাদ্দ প্রদান করা হয়েছে। ভাতাভোগী নির্বাচনের লক্ষ্যে বর্ণিত কর্মসূচি বাস্তবায়ন নীতিমালার শর্তস্বাপেক্ষে স্ব-স্ব ইউনিয়ন এবং চৌমুহনী পৌরসভায় উম্মুক্তভাবে যাচাই-বাছাইয়াস্তে উপকারভোগীদের তালিকা প্রনয়ন করা হবে। ভাতার জন্য আগ্রহী প্রার্থীদের উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী কর্তৃক স্বাক্ষরিত সংযুক্ত তারিখ ও সময়ে স্ব-স্ব ইউনিটে ভাতার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য অনুরোধ করা হলো। বয়স্ক ভাতার ক্ষেত্রে পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ৬৫ বছরের উর্দে এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ৬২ বছরের উর্দে বয়স হতে হবে। সর্বোচ্চ বয়সের প্রার্থীদের অগ্রাধীকার দেয়া হবে এবং আবেদনের সাথে আবেদনকারীর ০৬(ছয়) কপি এবং নমিনির ০২(দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, নাগরিক সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলার ক্ষেত্রে অবশ্যই চেয়ারম্যান কর্তৃক এতদবিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে প্রত্যয়ন এবং স্বামীর মৃত্যুসনদ দাখিলসহ ০৬(ছয়) কপি এবং নমিনির ০২(দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, নাগরিক সনদ এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিবন্ধী প্রার্থীদের প্রতিবন্ধী পরিচয়পত্র বা সূবর্ণ নাগরিক কার্ডসহ আবেদনকারীর ০৬(ছয়) কপি এবং নমিনির ০২(দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, নাগরিক সনদ এবং জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।



৭-১-২০২০

মোহাম্মদ আবুল কাশেম

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০৩২১৫১৯২৩

ফ্যাক্স: ০৩২১৫১১০৫

ইমেইল:

usso.begumganj@dss.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, নোয়াখালী-৩
- ২) পরিচালক, সামাজিক নিরাপত্তা অধিশাখা, সমাজসেবা অধিদফতর
- ৩) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, চট্টগ্রাম
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
- ৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী

- ৬) মেয়র, চৌমুহনী পৌরসভা
৭) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
৮) উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী
৯) ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান(সংরক্ষিত), উপজেলা পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী।
১০) অফিসার ইনচার্জ, বেগমগঞ্জ মডেল থানা
১১) উপজেলা.....অফিসার/প্রকৌশলী, বেগমগঞ্জ, নোয়াখালী
১২) চেয়ারম্যান (সকল),ইউনিয়ন পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী
১৩) ফিল্ড সপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী
১৪) ইউনিয়ন সমাজকর্মী(সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী
১৫) জনাব/বেগম.....,

১৬) অফিস কপি